

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৪৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৯০৭, ৬৯০৮]

৭৬/ রক্তপন (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২৮৯০. মহিলার ভ্রুন

باب جنين المرأة

আরবী

حَدَّ ثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، أَنْ عُمَرَ، نَشَدَ النَّاسَ مَنْ سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم قَضىَى فِيهِ بِغُرَّةٍ عَبْدٍ أَنْ صلى الله عليه وسلم قَضىَى فِيهِ بِغُرَّةٍ عَبْدٍ أَنْ أَمَةٍ. قَالَ الْمُغِيرَةُ أَنَا سَمِعْتُهُ قَضىَى فِيهِ بِغُرَّةٍ عَبْدٍ أَنْ أَمَةٍ. قَالَ النَّبِيِّ صلى أَمَةٍ. قَالَ النَّبِيِّ صلى الله عليه وسلم بِمِثْلِ هَذَا.

বাংলা

৬৪৩৯। উবায়দুল্লাহ ইবনু মূসা (রহঃ) ... হিশামের পিতা উরওয়া (রহঃ) থেকে বর্ণিত যে, উমর (রাঃ) লোকদেরকে কসম দিয়ে জিজ্ঞাসা করলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ভ্রুণ হত্যার ব্যাপারে ফায়সালা দিতে কে শুনেছে? তখন মুগীরা (রাঃ) বললেনঃ আমি তাকে অনুরূপ ব্যাপারে একটি গোলাম অথবা বাঁদী প্রদানের ফায়সালা প্রদান করতে শুনেছি। তিনি বললেন, এ বিষয়ে তোমার সাক্ষী নিয়ে এসো। এ সময় মুহাম্মাদ ইবনু মাসলামা (রাঃ) বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুরূপ ফায়সালা প্রদান করেছেন।

English

Narrated Hisham's father:

'Umar asked the people, "Who heard the Prophet (ﷺ) giving his verdict regarding abortions?" Al-Mughira said, "I heard him judging that a male or female slave should be given (as a Diya)." 'Umar said, "Present a witness to testify your statement." Muhammad bin Maslama said, "I testify that the Prophet (ﷺ) gave such a judgment."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন